ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৪৮

বিলোনীয়া, ৮ আগস্ট, ২০২৫

**জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে**
**মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত**

আজ দক্ষিণ ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের বিনোদন সংস্থার উদ্যোগে এবং জেলাশাসক কার্যালয় ও দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহযোগিতায় জেলাশাসক কার্যালয়ের প্রাঙ্গণে এক মেগা স্বেচ্ছা রক্তদান শিবির আয়োজিত হয়। ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে জেলাভিত্তিক অনুষ্ঠানের অংশ হিসেবে এই শিবির আয়োজিত হয়। শিবিরের উদ্বোধন করে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত বলেন, আমরা অনেক কাজের মধ্য দিয়ে পূন্য অর্জনের চেষ্টা করি কিন্তু রক্তদানের মতো পূণ্যের কাজ আর নেই। আগে মানুষ রক্তদানে ভয় পেতেন, এখন সেই ভয় অনেকটাই কেটেছে। তিনি আরও বেশি সংখ্যক মানুষকে রক্তদানে এগিয়ে আসার আবেদন জানান। স্বাগত বক্তব্য রাখেন দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজাদ পি। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা। রক্তদান শিবিরে জেলাশাসক কার্যালয়ের কর্মী ছাড়াও আরক্ষা, বিএসএফ, সিভিল ডিফেন্স, আপদামিত্র, সাংবাদিক, রেডক্রস সোসাইটির বিলোনীয়া শাখার কর্মীরা রক্তদান করেন। মোট ১৪২ জন রক্তদান করেন।

*******